

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়:শহিদ তিতুমীর

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- *তিতুমীরের শৈশবের নানা ঘটনা
- *ভারতবাসীর ওপর ইংরেজদের অত্যাচারের চিত্র
- *পরাধীন ভারতবর্ষে জমিদারদের জুলুম
- *তিতুমীরের দেশপ্রেমের পরিচয়
- *বিটিশবিরোধী আন্দোলনে তিতুমীরের বীরত্বপূর্ণ অবদান

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

শহিদ তিতুমীর রচনার পরাধীন ভারতবর্ষে বিটিশবিরোধী আন্দোলনে তিতুমীরের অবদানের কথা বলা হয়েছে। ছেটবেলা থেকেই তিতুমীর ছিলেন অত্যন্ত মেধাবী ও শক্তিশালী। ইংরেজ ও জমিদারদের অত্যাচারের হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য তিনি হিন্দু মুসলমান সবাইকে নিয়ে আন্দোলন শুরু করেন। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের তাঁর অসামান্য অবদানের জন্য আমরা তাঁকে চিরদিন মনে রাখব।

*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) তেতো,তিতু,তিতুমীর ।.....

.....তাঁর কথায় সাড়া দিলেন ।

আমার বাংলা বই(১১৫পৃষ্ঠা ও ১১৬পৃষ্ঠা)

পর্যুক্ত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

জেদি=একগুঁয়ে, কোন কাজ করতে নাছোড়বান্দা ।

বনিয়াদি=সুপ্রতিষ্ঠিত ।

বলিষ্ঠ=অত্যন্ত বলযুক্ত, শক্তিমান,সবল ।

কঠিন=দুরুহ ।

তেতো=তিক্ত ।

পরাধীন=অন্যের অধীন ।
দাপটে=প্রবল প্রতাপের সঙ্গে ।
ডনকুষ্টি=বুকডন দিয়ে শরীরচর্চা আর শারীরীক শক্তির পরীক্ষা ।
ধর্মপ্রাণ=পরম ধার্মিক ।
অসিচালনা=তলোয়ার নিয়ে যুদ্ধ করার বিদ্যা ।

***পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. ১৯৮২ সালে কে জন্ম গ্রহণ করেন?
২. তিতুমীর চরিশ পরগনা জেলার কোথায় জন্ম গ্রহণ করেন?
৩. কোন গ্রামে বাস করত এক বনিয়াদি মুসলিম পরিবার?
৪. তিনি কতদিন তেতো ওষুধ খেয়েছিলেন?
৫. ছোট বলোয় তাঁকে কী নামে ডাকা হত?
৬. কেন তাকে ছোট বেলায় তেতো ওষুধ দিয়েছিলো?
৭. তিতুমীরের জন্মের সময় এদেশের মানুষদের কারা অত্যাচার করত?
৮. তিতুমীর ছোট বেলায় কী নিয়ে ভাবতেন?
৯. মাদ্রাসার হাফেজের নাম কী ছিল?
১০. তিতুমীর কার প্রিয় পাত্র হয়ে উঠেছিল?
১১. গ্রামে গ্রামে কী শিখানো হতো?
১২. মুষ্টিযুদ্ধ, লাঠি খেলা, তীর ছোঁড়া কেন শিখানো হত?
১৩. তিতুমীর **কী** হিসেবে নাম করলেন?
১৪. তিতুমীরের স্বভাব কেমন ছিল?

***যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:**

ব,ষ্ঠ,ন,ত,ঞ্চ,ঞ্জ,ঞ্চ,ঞ্জ,চ

ওয়ার্ক বুকের (১৭৩ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে: